চাকদহ রামলাল একাডেমী

তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন - ২০২৪

শ্রেণি ঃ পঞ্চম

বিষয় ঃ বাংলা

পূর্ণ নম্বর ঃ ৫০ **সময় ঃ ১ ঘন্টা ৩০ মিনিট**

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১১=১১

১.১) বোম্বাগড়ের রাজার বিছানা (জাজিম / তোষক / শিরীষ কাগজ) দিয়ে পাতা হয়।

১.২) সূর্য সেনের প্রিয় কবি হলেন (জীবনানন্দ দাশ / রবীন্দ্রনাথ ঠাকুর / সুকান্ত ভট্টাচার্য)।

১.৩) আকাশে থাক ঝড় বৃষ্টি, আর কিছু (মেঘ / জল / রোদ্দুর)।

১.৪) 'কাচের পাতা! বেশ! তথাস্তু!' — উক্তিটি করেছে (ঝড় / ফণীমনসা / বনের পরি)।

১.৫) 'পশলা' শব্দের অর্থ (একবারের বৃষ্টি / মুষলধারে বৃষ্টি / ঝিরঝির বৃষ্টি)।

১.৬) স্বোচ্ছায় বৃষ্টি আনার কাজে যুক্ত হল (মৌমাছি / বাঘ / ব্যাঙ)।

১.৭) <u>ভ্রমণ</u> হল পড়াশোনার অঙ্গ। রেখাঙ্কিত পদটি হল (গুণবাচক বিশেষ্য / ক্রিয়াবাচক বিশেষ্য / জাতিবাচক বিশেষ্য)।

১.৮) দিনগুলি <u>মোর</u> সোনার খাঁচায় রইল না। — রেখাঙ্কিত পদটি (প্রথম / মধ্যম / উত্তম) পুরুষ।

১.৯) 'মানুষ' শব্দটি (পুংলিঙ্গ / উভলিঙ্গ / ক্লীবলিঙ্গ)।

১.১০) 'বড়ো + ঠাকুর' — সন্ধিবদ্ধ রূপ হল (বড়ঠাকুর / বড়্ঠাকুর / বট্ঠাকুর)।

১.১১) প্রদত্ত কোন্ শব্দটির পুংলিঙ্গ হয় না? (বাঘিনী / বিমাতা / গুরুমা)।

২। নীচের প্রশ্নগুলির অতিসংক্ষেপে উত্তর দাও। ১×১১=১১

২.১) গল্পবুড়ো কাদের তার গল্প শোনাবে না?

২.২) পাঠ্য 'আকাশের দুই বন্ধু' গল্পটি লেখকের কোন বই থেকে নেওয়া হয়েছে?

২.৩) একলা মনের কোণে কী বাজনা বাজায়?

২.৪) 'রাত্রে উত্তেজনায় গোপালের ঘুম হয় না।' — গোপালের উত্তেজনার কারণ কী?

২.৫) 'পায় মজা সে মুখ্‌খু!' — কাকে মুখ্‌খু বলা হয়েছে?

২.৬) শিয়াল ও কুমির প্রথমে কী চাষ করতে গিয়েছিল?

২.৭) সকর্মক ক্রিয়া কাকে বলে? উদাহরণ দাও।

২.৮) বিশেষণ পদ সাধারণত কত প্রকার ও কী কী?

২.৯) কীসের পরিবর্তনের সঙ্গে সঙ্গে ক্রিয়ার রূপের পরিবর্তন ঘটে?

২.১০) সন্ধি বিচ্ছেদ করো (একটি) ঃ দিগন্ত, প্রাগৈতিহাসিক

২.১১) লিঙ্গ পরিবর্তন করো (একটি) ঃ কবি, বিদ্বান।

৩। নীচের প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও। (যে কোনো দুটি) ২×২=৪

৩.১) 'সেদিনও কি এমনিতরো / মেঘের ঘটাখানা'। — কোন্ দিনের কথা বলা হয়েছে? সেদিনের প্রকৃতির বর্ণনা দাও। ১+১=২

৩.২) 'একলা' কবিতায় কবি কোন্ বিষয়কে 'মস্ত আশীর্বাদ' বলেছেন?

৩.৩) আখকে 'মিষ্টি সবার চাইতে' বলা হয়েছে কেন?

৪। নীচের প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও। (যে কোনো দুটি) ২×২=৪

৪.১) 'ফণীমনসা ও বনের পরি' নাটকে ফণীমনসা বনের পরির কাছে কী কী আবদার করেছিল?

৪.২) চুনির বাবার নাম কি? চুনির মা জটি পিসিমার বাড়ি গিয়েছিল কেন? ১+১=২

৪.৩) ভগবানের প্রাসাদে পৌঁছে ব্যাঙ কী দেখল?

৫। নীচের প্রশ্নগুলি নিজের ভাষায় উত্তর দাও ঃ (যে কোনো একটি) ১×৫=৫

৫.১) বোম্বাগড়ের রাজার রাজত্বের অদ্ভুত নিয়মকানুনের বর্ণনা দাও।

৫.২) 'মায়াতরু' শব্দটির অর্থ কী? কবিতায় গাছকে মায়াতরু বলা হয়েছে কেন? ১+৪=৫

৬। নীচের প্রশ্নগুলি নিজের ভাষায় উত্তর দাও ঃ (যে কোনো একটি) ১×৫=৫

৬.১) পেটকাটা ও চাঁদিয়ালের কীভাবে দেখা হয়েছিল? তাদের বন্ধুত্বই বা কীভাবে গড়ে উঠল? ২+৩=৫

৬.২) 'সাংঘাতিক কাণ্ড' —মাস্টারদার নেতৃত্বে ঘটে যাওয়া ঘটনাকে 'সাংঘাতিক কান্ড' বলা হয়েছে কেন?

৭। মায়ের অসুস্থতার কথা জানিয়ে বাবাকে পত্র লেখ। ৫

অথবা, তোমার বিদ্যালয়ে শিক্ষক দিবসের অনুষ্ঠানের কথা জানিয়ে বন্ধুকে পত্র লেখ।

৮। **অনুচ্ছেদ রচনা করো ঃ (যে কোনো একটি)** ৫

৮.১) গাছ আমাদের বন্ধু

৮.২) ছুটির দিনে বনভোজন

৮.৩) বাংলার উৎসব